প্রথম আলো

তারিখ ... 25 DEC 2006
পৃষ্ঠা ৬ কলাম ৬

২৭

সিলেট ওসমানী মেডিকেল কলেজ

# শিক্ষানবিশ চিকিৎসদের কর্মবিরতি শিক্ষার্থীদের ক্লাস বর্জন

সিলেট অফিস

সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে শিক্ষানবিশ চিকিৎসকেরা গতকাল রোববার প্রথম দিনের মতো কর্মবিরতি পালন করেছেন। এদিকে মেডিকেল কলেজের শিক্ষার্থীরা গতকাল পাল্টা কর্মসূচি হিসেবে ক্লাস বর্জন করেন এবং প্রায় এক ঘন্টা অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে রাখেন।

গতকাল শিক্ষানবিশ চিকিৎসকেরা সহকর্মীকে মারধরের প্রতিবাদে এবং ঘটনার সঙ্গে জড়িতদের বিচারের দাবিতে কর্মবিরতির পাশাপাশি প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন করেন। মেডিকেলের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে সকাল সাড়ে নয়টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত অধ্যক্ষের কক্ষ তালাবদ্ধ করে রাখেন। শিক্ষানবিশ চিকিৎসকেরা কর্মবিরতি পালন করায় সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাব্যবস্থা ব্যাহত হয়।

আন্দোলনরত শিক্ষানবিশ চিকিৎসক আনিসুর রহমান বলেন, 'আমাদের যৌক্তিক দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। তদন্ত কমিটি কী প্রতিবেদন দেয়, তার ওপর কঠোর আন্দোলনে যাওয়া-না যাওয়া নির্ভর করছে।'

শিক্ষার্থীদের পক্ষে মাহমুদুল হাসান সবুজ বলেন, 'কর্তৃপক্ষ যেন একপক্ষীয় ব্যবস্থা না নেয় এ জন্য ছাত্রছাত্রীরা আন্দোলনে নেমেছেন।'

তদন্ত কমিটির তৎপরতা প্রসঙ্গে ভারপ্রাপ্ত পরিচালক ডা. মীর মাহবুব আলম দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বাস দেন।

গত বৃহস্পতিবার মেডিকেলের ক্যান্টিনে খাওয়া নিয়ে একদল উচ্ছৃঙ্খল ছাত্রের হাতে শিক্ষানবিশ চিকিৎসক ডা. সমরজিৎ বড়ূয়া রঞ্জন লাঞ্ছিত হওয়ার জের ধরে শিক্ষানবিশ চিকিৎসকেরা কর্মবিরতি পালন করেন। পাল্টা কর্মসূচি হিসেবে মেডিকেলের শিক্ষার্থীরা 'সাধারণ ছাত্রছাত্রী'র ব্যানারে ক্লাস বর্জন করেন।